



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৮৭৬-০০৪৪৭৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd



স্মারক নং-বিইউ/রেজি./একা./ভর্তি পরীক্ষা/২০২০-২১/(ভলিউম-২)/৪৯২/২৬৭৭(ক)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে 'A', 'B' ও 'C' ইউনিটের অধীন বিভাগসমূহে ভর্তির জন্য মনোনীত ১ম তালিকার শিক্ষার্থীদের ভর্তির সময়সীমা ০৮/১২/২০২১ তারিখ থেকে ১৫/১২/২০২১ পর্যন্ত। এই সময়সীমার মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

ভর্তির জন্য শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয়াদি:

- ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সংবলিত মূল প্রবেশপত্র দেখিয়ে ডিন অফিস থেকে ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের ফটোকপি এবং চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপিসহ ফরমের যথাস্থানে এক কপি রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-স্লিপ ডিন অফিসে জমা দিতে হবে।
- ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূলকপিসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের নিকট উপস্থিত হতে হবে কাগজপত্র নিরীক্ষার জন্য।
- ভর্তির সময় শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট খামে ঢুকিয়ে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে (খামের উপরে অবশ্যই শিক্ষার্থীর নাম, ভর্তি পরীক্ষার নোল নম্বর, মেধাক্রম ও মোবাইল ফোন নম্বর লিখতে হবে)।
- কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।
- ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার এক শত পঞ্চাশ) টাকা। তবে বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য তদসঙ্গে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত গ্যাব ফি যুক্ত হবে।
- বিভাগ উন্নয়ন ফি নিজ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)

সদস্য-সচিব

ভর্তি পরীক্ষা ২০২০-২১

বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি./একা./ভর্তি পরীক্ষা/২০২০-২১/(ভলিউম-২)/৪৯২/২৬৭৭(ক)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২০-২১, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৪। যুগ্ম-আহ্বায়ক, 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২০-২১, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। নথি/মহানথি।

(মোঃ মিলন)

সহকারী রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়